গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১১.১৯-১৩০

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৬ ব.
০৮ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৮২২/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ৩০/১০/২০১৯ তারিখে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব দাখিলসহ টিএমইডি হতে গত ০৭/১১/২০১৯ তারিখে ৫৭৭ নং স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্যাদ প্রেরণ সংক্রান্ত।

সূত্র: ১। সুপার, ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসার এর ২০/১০/২০১৯ তারিখের আবেদন।
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শা:১৩/ফবি:/৫-৪/২০০৭/৮২৬, তারিখ: ২৭.০৭.২০০৮ খ্রি.
৩। টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১১.১৯.৫৭৭, তারিখ: ০৭/১১/২০১৯ খ্রি.।
৪। বিএমইবি'র স্মারক নং- বামাশিবো/রিক/উলিপুর/কুড়িগ্রাম, তারিখ: ২০/১০/২০১৯
৫। মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৩৮২২/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট কর্তৃক গত ২০.১০.১৯ তারিখে (১) নং সূত্রমূলে দাখিলকৃত আবেদনের বর্ণনা করা হয়েছে যে- ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসা হতে ২০০৭ ও ২০০৮ সালে ০৫ (পাঁচ) জনের কম শিক্ষার্থী উত্তীর্ণ হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৭.০৭.২০০৮ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানের দাখিল ৯ম শ্রেণির খোলার প্রাথমিক (পাঠদান) অনুমতি স্থগিত করার জন্য চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অনুরোধ করা হয়।

০২। উক্ত প্রতিষ্ঠানের পাঠদান, স্বীকৃতি নবায়নের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে গত ০৩.০১.১৯, ২০.০৮.১৯ ও ০২.০৯.১৯ তারিখে পরপর তিনবার পরিদর্শন রিপোর্ট বোর্ডে জমা দেয়ার পরও কোন ফলাফল না পাওয়ায় প্রতিষ্টানের সুপার জনাব মো: মোস্তাফিজুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০১৫৩/১৯ দায়ের করা হয়।

০৩। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২৪.০৯.১৯ তারিখে নিম্নরুপ আদেশ দেয়া হয়:

The Respondent No. 6 is directed to dispose of the application of the petitioner dated 02.09.19 (Annexure-"C") to the writ petition, within 15 (fifteen) days from the date of receipt of this order.

০৪। উক্ত রিট মামলার রায়ে পিটিশনারের গত ০২.০৯.২০১৯ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিস্পত্তি করার জন্য ৬নং রেসপনডেন্ট (পরিদর্শক, বিএমইবি) এর প্রতি নির্দেশনা দেয়া হয়েছে।

০৫। রিট পিটিশন নং-১০১৫৩/১৯ মামলার উক্ত নির্দেশনামতে পিটিশনারের ০২.০৯.১৯ (রুলনিশিতে Annexure-"C হিসেবে প্রদর্শিত) তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিস্পত্তি করে পিটিশনারকে জানানোসহ TMED কে অবহিত করার জন্য চেয়ারম্যান, বিএমইবি-কে ০৭/১১/১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে অনুরোধ করা। কিন্তু নিস্পত্তি সংক্রান্ত কোন প্রমাণক চেয়ারম্যান, বিএমইবি হতে টিএমইডিতে পাওয়া যায়নি।

০৬। টিএমইডি'র উক্ত পত্র জারির পূর্বে রিট পিটিশন নং ১০১৫৩/১৯ মামলার ২৪/৯/১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী পিটিশনারের ০২/৯/১৯ (রুলনিশিতে Annexure-"C হিসেবে প্রদর্শিত) তারিখের আবেদনটি নিস্পত্তিক্রমে চেয়ারম্যান, বিএমইবি কর্তৃক ২০/১০/২০১৯ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকে পত্র জারি করা হয়।

০৭। উক্ত স্মারকের বিরুদ্ধে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার, জনাব মো: মোস্তাফিজুর রহমান কর্তৃক পুনরায় মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩৮২২/২০১৯ মামলা দায়ের করা হয়েছে যা (৫) নং সূত্রে বর্ণিত। উক্ত রিট মামলায় সচিব, টিএমইডি, রেজিষ্ট্রার, বিএমইবি ও আরো অন্যান্যসহ মোট ১১ (এগার) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৮। রিট পিটিশন নং-১৩৮২২/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ৩০/১০/২০১৯ তারিখের শুনানী শেষে বামাশিবো কর্তৃক ইস্যুকৃত ২০/১০/২০১৯ তারিখের সূত্রোক্ত (৪) নং পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবে না; সে মর্মে ২৭/০১/২০২০ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি রুলনিশি জারি করা হয়েছে।

চলমান পাতা-০২

০৯। উক্ত রুলনিশির কপিসহ বর্ণিত প্রতিষ্ঠানের পাঠদান, স্বীকৃতি নবায়ন ও বেতন ভাতাদি (সরকারি অংশ) সহ যাবতীয় কার্যক্রম" পুনর্বহালের জন্য উক্ত প্রতিষ্ঠানের সুপার. কর্তৃক সচিব, টিএমইডি বরারব সূত্রোক্ত (১) নং আবেদন দাখিল করা হয়েছে।

১০। জারীকৃত রুলনিশির বিষয়ে সরকার পক্ষ কর্তৃক জবাব দাখিলসহ এতদসংশ্লিষ্ট সকল কার্যক্রম বিএমইবি কর্তৃক গ্রহণ করা আবশ্যক।

১১। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৮২২/২০১৯ মামলায় ৩০/১০/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা, হয়ে থাকলে এর হালানাগাদ তথ্যাদি না হয়ে থাকেল জরুরিভিত্তিতে জবাব দাখিলক্রমে আগামী ১৬/০৩/২০২০ তারিখের মধ্যে TMED কে অবহিতকরণসহ একই বিষয়ে টিএমইডি হতে গত ০৭/১১/১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য জানানোর জন্যও নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০৫/০৩/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। সুপারিনটেনডেন্ট, ভেলুর খামার কেরামতিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর- চন্ডিজান, উপজেলা- উলিপুর, জেলা-কুড়িগ্রাম।
৬। অফিস কপি/মাস্টার কপি।